গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
**বাজেট অনুবিভাগ-১, বাজেট শাখা-৩**
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৯-৭১৪

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ / ৩০ মে ২০২৩

# পরিপত্র

বিষয়: **স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও এর অধীন প্রকল্প/ স্কিমসমূহের জন্য পারসোনাল লেজার (পিএল) অ্যাকাউন্ট সৃজন, সরকারি সাহায্য মঞ্জুরির অর্থ উক্ত হিসাবে জমাকরণ ও ইএফটি পদ্ধতিতে বিল পরিশোধ।**

ট্রেজারী সিংগেল অ্যাকাউন্ট (TSA) শক্তিশালীকরণের মাধ্যমে সরকারি অর্থের দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে সকল স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং এর অধীন বাস্তবায়িত প্রকল্প/স্কিমসমূহের বিপরীতে প্রজাতন্ত্রের সরকারি হিসাবে পারসোনাল লেজার (পিএল) অ্যাকাউন্ট সৃজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। হিসাব মহানিয়ন্ত্রক-এর আওতাধীন চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পেনশন এন্ড ফান্ড ম্যানেজমেন্ট অফিস, সকল পিএল অ্যাকাউন্ট ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/স্কিমসমূহের বিপরীতে সরকার প্রদত্ত সাহায্য মঞ্জুরি অথবা ঋণের অর্থ সৃজিত পিএল অ্যাকাউন্টে কিস্তিভিত্তিক জমা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত হিসাব হতে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (ইএফটি) পদ্ধতিতে সকল বিল পরিশোধ করতে পারবে। উল্লেখ্য, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও এর অধীন বাস্তবায়িত প্রকল্প/স্কিমসমূহের পিএল অ্যাকাউন্ট ব্যবস্থাপনার নিমিত্ত ইতোমধ্যে iBAS++-এ Autonomous Body নামক সাব মডিউল অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্ণিত পিএল অ্যাকাউন্ট নিম্নরূপ পদ্ধতিতে পরিচালিত হবে:

(১) **পিএল অ্যাকাউন্ট সৃজন**- অর্থবছরের শুরুতে বাজেট বরাদ্দের পরিপ্রেক্ষিতে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের অধীন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং এ সকল প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নাধীন প্রতিটি প্রকল্প/স্কিমের বিপরীতে পৃথক পৃথকভাবে পিএল সাব অ্যাকাউন্ট সৃজিত হবে। এক্ষেত্রে স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠান/প্রকল্প/স্কিমের নাম ও কোড নম্বর স্বয়ংক্রিয়ভাবে সৃজিত পিএল সাব- অ্যাকাউন্টের শিরোনাম ও অ্যাকাউন্ট নম্বর হিসেবে গণ্য হবে। তবে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/প্রকল্প/স্কিমের জন্য ইতঃপূর্বে প্রজাতন্ত্রের সরকারি হিসাবে কোন অ্যাকাউন্ট সৃজিত হয়ে থাকলে পুনরায় অ্যাকাউন্ট সৃজনের প্রয়োজন হবে না;

(২) **বাজেট প্রণয়ন**- প্রতিটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান নিজ কার্যালয়ের পরিচালন ব্যয় এবং প্রকল্প/স্কিমসমূহের ব্যয়ের জন্য অর্থনৈতিক কোড অনুযায়ি বিস্তারিত বাজেট প্রণয়ন করবে;

(৩) **অর্থছাড়**- Personal Ledger Account ব্যবহারকারী স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের পরিচালন এবং প্রকল্প/স্কিমের ক্ষেত্রে বরাদ্দকৃত বাজেট প্রতি ৩ মাস অন্তর প্রজাতন্ত্রের সরকারি হিসাব থেকে উত্তোলনযোগ্য হবে। তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Debt Service Liability থাকলে অর্থ বিভাগের অনুমোদন স্বাপেক্ষে শেষ তিন মাসের অর্থাৎ চতুর্থ কিস্তির অর্থ সংশোধিত বাজেট কর্তৃত্ব জারি হওয়ার পর উত্তোলন করা যাবে;

(৪) **ইএফটি ক্ষমতা অর্পণ**- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে সিজিএ কার্যালয় প্রতিটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/প্রকল্প/স্কিম কর্তৃপক্ষকে ইএফটি ইস্যুর ক্ষমতা অর্পণ করে বাংলাদেশ ব্যাংককে অবহিতপত্র প্রদান করবে। তবে আবেদনকারী কর্মকর্তার পরিবর্তন হলে সেক্ষেত্রে নতুন ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদানের বিষয়টি সিজিএ কার্যালয়ের FSMU ইউনিট নিয়ন্ত্রন করবে;

(৫) **পিএল অ্যাকাউন্টে অর্থ স্থানান্তরের অনুরোধপত্র দাখিল**- প্রতিটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/প্রকল্প/স্কিম-এর আয়ন-ব্যয়ন কর্মকর্তা সংশ্লিষ্ট সিএএফও কার্যালয়ে iBAS++-এর মাধ্যমে অনলাইনে বাজেট বরাদ্দ হতে পিএল অ্যাকাউন্টে অর্থ স্থানান্তরের অনুরোধ পত্র দাখিল করবে;

(৬) **কিস্তির অর্থ পিএল এ্যাকাউন্টে স্থানান্তর প্রক্রিয়া**- সংশ্লিষ্ট সিএএফও কার্যালয় সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে ব্যয় দেখিয়ে দাবীকৃত অর্থ সংযুক্ত তহবিল হতে প্রজাতন্ত্রের সরকারী হিসাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/প্রকল্প/স্কিমের জন্য নির্দিষ্ট পিএল অ্যাকাউন্টে স্থানান্তর করবে;

(৭) **ইএফটি এ্যাডভাইজ প্রেরণ**- স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/প্রকল্প/স্কিম পরিচালকের কার্যালয় বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ি সময়ে সময়ে প্রয়োজনের নিরিখে বিভিন্ন বিল/দাবি iBAS++-এর নির্দিষ্ট মেন্যুতে এন্ট্রি করবে ও বিভিন্ন বেনিফিসিয়ারিকে ইএফটির মাধ্যমে অর্থ পরিশোধের লক্ষ্যে EFT Advice বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করবে। একই সাথে অধিকতর নিরাপত্তা নিশ্চিতকল্পে ৫ লক্ষ টাকার অধিক মূল্যমানের ইএফটি'র ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে এসএমএস বা ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে এবং প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি নিশ্চিত হয়ে অনুমোদন প্রদান করতে হবে;

(৮) **বেনিফিশিয়ারির ব্যাংকে অর্থ স্থানান্তর**- বাংলাদেশ ব্যাংক স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/প্রকল্প/স্কিম হতে এনক্রিপ্ট এ্যাডভাইস এবং ৫ লক্ষ টাকার অধিক মূল্যমানের ইএফটি এ্যাডভাইজের হার্ডকপি পাওয়ার পর নিশ্চিত হয়ে টিএসএ থেকে ডেবিট করে বেনিফিশিয়ারির সংশ্লিষ্ট ব্যাংকে অর্থ ক্রেডিট করবে;

(৯) **বিল ব্যতীত অর্থ উত্তোলন-** বিল ব্যতিত অগ্রিম অর্থ উত্তোলন করা যাবে না; অগ্রিম অর্থ উত্তোলনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন করতে হবে;

(১০) **অব্যয়িত অর্থ সমন্বয়:**

(ক) স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের পরিচালন ব্যয়ের ক্ষেত্রে অর্থবছর শেষে অব্যয়িত কোনো ব্যালেন্স থাকলে তা প্রতিষ্ঠানের পিএল অ্যাকাউন্টে জমা থাকবে এবং পরবর্তী অর্থবছরে তা Carry Forward হবে। এই অব্যয়িত অর্থ যে কোন সময় ব্যবহার করা যাবে;

(খ) চলমান উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে প্রত্যেক অর্থবছর শেষে প্রকল্পের অব্যয়িত অর্থ Reduction of Expenditure হিসাবে স্বয়ংক্রিয়ভাবে যে সকল কোডে পিএল অ্যাকাউন্টে স্থানান্তর করা হয়েছিল সেই সকল কোডে সংযুক্ত তহবিলে স্থানান্তরিত হবে; এবং

(গ) উন্নয়ন প্রকল্পের মেয়াদ সমাপ্ত হলে প্রকল্পের অব্যয়িত অর্থ Reduction of Expenditure হিসাবে স্বয়ংক্রিয়ভাবে যে সকল কোড হতে পিএল অ্যাকাউন্টে স্থানান্তর করা হয়েছিল সেই সকল কোডে সংযুক্ত তহবিলে স্থানান্তরিত হবে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, সরকারি অর্থের দক্ষ ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করার নিমিত্ত অর্থ বিভাগ হতে ০৭.০৫.২০২২ তারিখের ০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৯-৯৪০ নং স্মারকপত্রে বর্ণিত কর্ম পরিকল্পনা অনুযায়ি আবশ্যিকভাবে সকল স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও এর অধীনে বাস্তবায়নাধীন প্রকল্প/স্কিমসমূহের জন্য Personal Ledger (PL) অ্যাকাউন্ট-এর মাধ্যমে আর্থিক কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক চালুকৃত iBAS++ Autonomous Body সাব মডিউলের মাধ্যমে স্বয়ংক্রিয় পদ্ধতিতে অর্থ ছাড়করণ ও ইএফটি পদ্ধতিতে বিল পরিশোধ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।


০৩-০৫-২০২৬

**(মোঃ তৌহিদুল ইসলাম)**

উপসচিব

☎২২৩৩৮৩১৮৬

ই-মেইল: touhiduli@finance.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব........................................................................................................................
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৫. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থার জন্য:**

১. জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ (অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)